



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/31/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ওনিয়ন্টায় বুধবার থেকে খোলা তিনটি নতুন বিনামূল্যে র‍্যাপিড টেস্টিং সাইটের ঠিকানা ঘোষণা দিয়েছেন

SUNY ওনিয়ন্টার শিক্ষার্থীদের মধ্যে অসংখ্য কেস শনাক্ত হওয়ার পর অস্থায়ী পরীক্ষাকরণ সাইটগুলো সমগ্র কমিউনিটির জন্য উন্মুক্ত থাকবে

তিনটি বিনামূল্যে র‍্যাপিড টেস্ট সাইট বুধবার খোলা হবে

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে র‍্যাপিড টেস্টিং চলছে

যেকোনো সাইটে অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিত করতে 833-NYSTRNG-তে কল করুন

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ তিনটি নতুন অস্থায়ী র‍্যাপিড টেস্টিং সাইটের ঠিকানা ঘোষণা করেছেন যেগুলো বুধবার সকাল 11টায় ওটসেগো কাউন্টির ওনিয়ন্টা সিটিতে খোলা হবে। বুধবারের পর সাইটগুলো বৃহস্পতিবার থেকে শনিবার সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত খোলা থাকবে। এই সাইটগুলো গভর্নর ের [SUNY ওনিয়ন্টাতে সোয়াট টিম](#) মোতায়েনের অংশ হিসেবে খোলা হচ্ছে যাতে একটি COVID-19 ক্লাস্টার থাকে যা সেখানে শিক্ষার্থীদের মধ্যে বিকশিত হয়েছে। রাষ্ট্রীয় পদক্ষেপটি আসে যখন [SUNY চ্যান্সেলর জিম মালট্রাস](#) ক্লাস্টারটি মোকাবেলা করতে সাহায্য করার জন্য সুনি ওনিয়ন্টা ক্যাম্পাসে দুই সপ্তাহের জন্য ইন-পার্সন নির্দেশনা স্বগিত ঘোষণা করেন। পরীক্ষার সাইটগুলো বাসেট হেলথ কেয়ার (Bassett Healthcare)-এর সাথে যৌথভাবে পরিচালিত হবে এবং এগুলো কমিউনিটির সকল সদস্যদের জন্য উন্মুক্ত থাকবে এবং 15 মিনিটের মধ্যে পরীক্ষার ফলাফল প্রদান করা হবে, যার ফলে কন্ট্রাক্ট ট্রেসিং প্রচেষ্টা দ্রুত ট্র্যাক করার পাশাপাশি যেকোনো নতুন সংক্রমণ নিয়ন্ত্রণ করা যাবে। সকল পরীক্ষা বিনামূল্যে করা হবে।

"আমরা ওনিয়ন্টাতে আমাদের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY)-এর চ্যান্সেলর জিম মালট্রাস সঠিক সিদ্ধান্ত নিয়েছেন এবং দুই সপ্তাহের জন্য ক্যাম্পাস বন্ধ রাখার সাহসী সিদ্ধান্ত নিয়েছেন এবং এখন স্টেট আমাদের টেস্টিং SWAT দলের জন্য সাইট স্থাপন করছে যাতে কেসের এই ক্লাস্টারটি ওনিয়ন্টা সিটি ও এর বাইরে ছড়িয়ে না পড়ে," **গভর্নর কুওমো বলেন।** "আমি বিশ্বাস করি কলেজগুলি কয়লা খনির ক্যানারি। আমি বিশ্বাস করি সারা দেশে আপনি যা দেখছেন তা অব্যাহত থাকবে। যখন কলেজ খোলা হবে,

শিক্ষার্থীরা আবার ক্যাম্পাসে আসবে, আসনগুলোতে একসাথে বসবে, সামাজিকীকরণ করবে তখন সংক্রমণের হার বেড়ে যাবে। হয় কলেজ প্রশাসনকে তাদের প্রশাসনিক ব্যবস্থাপনায় কঠোর এবং শৃঙ্খলাপূর্ণ হতে হবে বিপরীতে ভাইরাল ট্রান্সমিশন রেট বেড়ে যাবে এবং সেক্ষেত্রে কলেজ বন্ধ করে দূর্বর্তী শিক্ষা ব্যবস্থায় যেতে হবে।"

"আমাদের ক্যাম্পাস এবং কমিউনিটির যেকোনো কোণে ছড়িয়ে পড়তে পারে এমন কোনো ভাইরাস থাকার কারণে আমাদের তাৎক্ষণিক এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অত্যন্ত জরুরি।" **বলেন SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস।** "আমি গভর্নর কুওমো, স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (State Department of Health) এবং আমাদের স্থানীয় অংশীদারদের COVID বিরুদ্ধে লড়াইয়ে তাদের অদম্য অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাতে চাই। একসাথে এবং সবার মধ্যে শৃঙ্খলা ও নীতি মেনে চলার মাধ্যমে, আমরা সফলভাবে আমাদের কমিউনিটিকে এই ভাইরাস থেকে রক্ষা করব।"

নতুন তিনটি সাইটের ঠিকানা হলো:

Oneonta Armory

4 Academy St
Oneonta, NY 13820

Foothills Performing Arts and Civic Center

24 Market St
Oneonta, NY 13820

St. James Church

305 Main St
Oneonta, NY 13820

টেস্টিং শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে হবে। অ্যাপয়েন্টমেন্টের জন্য নিউ ইয়র্কবাসীগণ 833-NYSTRNG-এ কল করতে পারেন।

ওনিয়ন্টা মেয়র গ্যারি হার্জিগ বলেন, "SUNY ওনিয়ন্টার শিক্ষার্থীদের মধ্যে সংক্রমণের এই নতুন ঢেউ শনাক্ত হওয়ার পর ওনিয়ন্টাতে সঠিকভাবে পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণে আমি গভর্নর কুওমো এবং SUNY কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই। র‍্যাপিড টেস্টিং ব্যবস্থা শুধুমাত্র আমাদের কমিউনিটির স্বতন্ত্র সদস্যদের উদ্বিগ্ন দূর করার জন্য কাজ করবে না বরং এটি আমাদেরকে তথ্য প্রদান করবে যে শিক্ষার্থীদের বাইরেও কোনো ধরনের সংক্রমণ হয়েছে কি না।"

গভর্নর কুওমো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দাদের জানিয়ে দিয়েছেন যে এই অঞ্চলের আটটি জায়গায় চলমান র‍্যাপিড টেস্ট চালানো হচ্ছে। বাসিন্দারা 833-NYSTRNG এ কল করতে পারেন অ্যাপয়েন্টমেন্ট করার জন্য। গভর্নর 27 আগস্ট তারিখে [একটি টেস্টিং SWAT দল গঠন করেছেন](#)

যা ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে COVID-19-এর কেস বৃদ্ধির মোকাবেলা করবে। তিনি আটটি সাইটের কথাও ঘোষণা করেছেন, যা এখানে পাওয়া যাবে:

Deleavan-Grider Community Center

877 E. Delavan Ave.
Buffalo, NY 14215

True Bethel Baptist Church

907 E. Ferry St.
Buffalo, NY 14211

Northwest Buffalo Community Center

155 Lawn Ave.
Buffalo, NY 14207

Dunkirk Fire Murphy Training Grounds

665 Brigham Road
Dunkirk, NY 14048

SUNY ECC North

6205 Main St.
Williamsville, NY 14221

Union Fire Company

1845 Union Road
West Seneca, NY 14224

John A. Duke Senior Center

1201 Hyde Park Blvd.
Niagara Falls, NY 14301

YWCA of the Niagara Frontier

32 Cottage St.
Lockport, NY 14094

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)